



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)  
বিনিয়োগ ভবন (১১-১২ তলা)  
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)



### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ) হতে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে (এসটিপি) আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) সুপারিশ করবে।

২। এ লক্ষ্যে, এনএসডিএ কর্তৃক নিবন্ধিত ও বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (বিএনকিউএফ) এর ১-৬ লেভেলভিত্তিক দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাকারী সরকারি-বেসরকারি এসটিপি হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

৩। আর্থিক সহায়তা পেতে আগ্রহী এসটিপিসমূহকে এনএসডিএ-এর অনুমোদনপ্রাপ্ত অকুপেশনে ১২ (বারো) মাস সময়ে বাস্তবায়নযোগ্য সর্বোচ্চ ৫টি (পাঁচ) অকুপেশনে প্রশিক্ষণ কর্মসূচির জন্য আর্থিক সুবিধা প্রাপ্তির লক্ষ্যে ন্যাশনাল স্কিলস পোর্টালে (<https://www.skillsportal.gov.bd/#/>) আবেদন করতে হবে।

৪। এনএসডিএ কর্তৃক আবেদন গ্রহণ ও যাচাইবাছাই শেষে সুপারিশসহ আর্থিক সহায়তার প্রক্রিয়া সম্পাদনের নিমিত্ত এনএইচআরডিএফ বরাবর প্রেরণ করা হবে।

৫। ইতোপূর্বে প্রদত্ত বিজ্ঞপ্তির আওতায় এনএইচআরডিএফ হতে প্রাপ্ত সহায়তায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকলে সে প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নেই।

৬। আগামী ১০ জুন ২০২৬ তারিখ থেকে **০৯ জুলাই ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে** আবেদন দাখিল করতে হবে।

৭। আবেদন-সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলি এনএসডিএ-এর ওয়েবসাইটে ([www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)) পাওয়া যাবে।

৮। আবেদনপত্র গ্রহণ, যাচাইবাছাই, অসম্পূর্ণ আবেদন বাতিলসহ এ-সংক্রান্ত সকল প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা এনএসডিএ সংরক্ষণ করে।



মোহাম্মদ মাহফুজুর রহমান  
পরিচালক (অর্থ)

[dir.accounts@nstda.gov.bd](mailto:dir.accounts@nstda.gov.bd)